CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2022/TDC (CBCS)/EVEN/SEM/BNGHCC–401T/016**

**TDC (CBCS) Even Semester Exam., 2022**

# BENGALI

( Honours )

**( 4th Semester )**

Course No. : BNGHCC–401T

**( বিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান :* ৭০

*উত্তীর্ণ মান :* ২৮

*সময় :* ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। নজরুল ইসলাম সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো। 'ব্রজের গোপাল' বলতে কাকে বোঝানো হয়েছে?

২। 'আজ সৃষ্টি-সুখের উল্লাসে' নজরুলের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? 'ফরমান' শব্দের অর্থ কী?

৩। "তোমাতে রয়েছে সকল ধর্ম, সকল যুগাবতার।" এখানে 'তোমাতে' বলতে কবি কাকে বুঝিয়েছেন? 'গাহি _____ গান।' (শূন্যস্থান পূরণ করো)

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম প্রকাশিত উপন্যাসের নাম কী? তাঁর লেখা 'পদ্মানদীর মাঝি' উপন্যাস ছাড়া আরও একটি উপন্যাসের নাম লেখো।

৫। কুবেরের শ্যালিকার নাম কী? কোন্ গ্রামে তার বিয়ে হয়েছিল?

৬। হোসেন মিঞা কোন্ দ্বীপের মালিক ছিল? মেজোবাবুর নাম কী?

৭। 'সাজাহান' নাটকটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়? এই নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছে?

৮। "আমার হৃদয় শুধু এক শাসন জানে।" কার উক্তি? কীসের শাসনের কথা বলা হয়েছে?

৯। দারার দুই ছেলের নাম কী ছিল?

১০। গফুর জোলার বাড়ি কোথায় ছিল? জমিদার শিবচরণবাবুর পুরোহিতের নাম কী?

১১। তারিণী মাঝি কোন্ ঘাটের খেয়ামাঝি? সে ময়ূরাক্ষীর পুজো কখন করে?

১২। 'ফসিল' শব্দের অর্থ কী? অঞ্জনগড়ে কী কী শস্য ফলত?

১৩। 'শ্রীমধুসূদন' নাটকটি কার লেখা? এটি কোন্ ধরনের নাটক?

১৪। 'শ্রীমধুসূদন' নাটকে কয়টি দৃশ্য রয়েছে? নাটকে শেষদৃশ্য বলে সংযোজিত দৃশ্যটির বিষয় কী?

১৫। "আমার জীবনের প্রবলতম আকাঙ্ক্ষা আমি মহাকবি হব...।" উক্তিটি কার? তাঁর পিতা ও মাতার নাম উল্লেখ করো।





## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। "নবজীবন সৃজনের অনিঃশেষ আকাঙ্ক্ষার ভাবরূপ মূর্ত হয়েছে 'আজ সৃষ্টি-সুখের উল্লাসে' কবিতায়।" আলোচনা করো।

১৭। "নজরুল সাম্যের মন্ত্রে সকলকে উদ্বোধিত হতে বলেছেন।" 'মানুষ' কবিতাটি বিশ্লেষণ করে বিষয়টি স্পষ্ট করো।

১৮। 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।

১৯। "কুবের পদ্মানদীর মাঝি সম্প্রদায়ের প্রতিনিধি এবং একজন দোষগুণ সমন্বিত ব্যক্তি মানুষও।" কুবের চরিত্রের আলোকে বিষয়টি বিশ্লেষণ করো।

২০। ঐতিহাসিক নাটক হিসেবে 'সাজাহান' নাটকের সার্থকতা আলোচনা করো।

২১। "ইতিহাসের সঙ্গে কল্পনার মিশ্রণে ব্যক্তিত্বময়ী ও মমতাময়ী নারী-চরিত্র সৃষ্টি করেছেন দ্বিজেন্দ্রলাল।" জাহানারা চরিত্র অবলম্বনে বিষয়টি বুঝিয়ে লেখো।

২২। গফুরের ভিটে ছাড়ার যে আর্থ-সামাজিক কারণ 'মহেশ' গল্পটিতে দেখানো হয়েছে তা তোমার নিজের ভাষায় লেখো।

২৩। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পুঁইমাচা' গল্পে প্রকৃতির স্নিগ্ধমধুর যে রূপ চিত্রিত হয়েছে তার বর্ণনা দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৪। 'শ্রীমধুসূদন' নাটকে উনিশ শতকের যে সমাজচিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।

২৫। " 'শ্রীমধুসূদন' নাটকে মধুসূদনের জীবনের নানা ঘটনার সমাহার লক্ষ্য করা যায়।" তোমার পাঠ অভিজ্ঞতার সাহায্যে তা সংক্ষেপে আলোচনা করো।

★★★